একই স্মারক ও তারিখে জারিকৃত পত্রের স্থলাভিষিক্ত

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৫.১৮-৫০৪

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১১৫৬/২০১১ (আপীল নং-৪৬৭/২০১৫ ও কনটেম্পট পিটিশন নং-৪৪২/২০১৮) মামলার গত ১০/০৭/২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে বকেয়া বেতন ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলাধীন লাইটহাউস টেকনিক্যাল এন্ড বি.এম কলেজটি শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৫/২০১০ তারিখের শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলের মাধ্যমে গত ০৬/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয়।

০৩। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৫৬/২০১১ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনের ১০/০৭/২০১৪ খ্রি. তারিখের রায় নিম্নরুপ:

"The respondetns concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক লীভ টু আপীল নং-৪৭৬/২০১৫ দায়ের করা হলে গত ২৬/০৭/২০১৫ খ্রি. তারিখের আদেশে আপীল দায়েরের সময়সীমা ২২৮ দিন বিলম্ব হওয়ায় লীভ টু আপীল মামলাটি খারিজ করা হয়। আপীল বিভাগের আদেশ নিম্নরুপ:

"The leave petition is out of time by 228 days but the explanation offered seeking condonation of dealy is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation."

০৫। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২১/১০/২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫.৪০৪ সংখ্যক স্মারকমূলে রায় বাস্তবায়ন করা হলে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে অক্টোবর/২০১৬ মাসে এমপিওভুক্ত করা হয়।

০৬। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহামান্য হাইকোর্টের গত ১০/০৭/২০১৪ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী বিগত ২০০৯-১০ অর্থবছরের ০৬ মে/২০১০ হতে সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত বকেয়া এমপিও ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করলে উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৪২/২০১৮ দায়ের করা হয়।

০৭। যেহেতু উক্ত কলেজটি গত অক্টোবর/২০১৬ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের গত ১০/০৭/২০১৪ তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-৪৬৭/২০১৫ মামলাটি খারিজ হয়ে গেছে সেহেতু ২০০৯-২০১০ অর্থবছর হতে ০৬ মে/২০১০ হতে সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৮। এমতাবস্থায়,

(ক) রিট পিটিশন নং-১১৫৬/২০১১ মামলার ১০/০৭/২০১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলাধীন লাইটহাউস টেকনিক্যাল এন্ড বি.এম কলেজের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬ মে/২০১০ হতে সেপ্টেম্বর/২০১৬ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১০/০১/২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতকরণসহ বাস্তবায়নের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(খ) উল্লেখ্য, মহামান্য সুপ্রীম কোর্টে (হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ) দায়েরকৃত মামলাসমূহ সঠিক তদারকির অভাবে রিট এবং লীভ টু আপীল মামলায় অব্যাহতভাবে সরকার হেরে যাচ্ছে বিধায় ভবিষ্যতে মামলায় যথাযথ তদারকির ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার ফলাফল এ বিভাগে অবহিতির জন্যও মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৫.১৮-৫০৪/১(১২)

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১০। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
১১। সভাপতি, লাইটহাউস টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, ডাক-ধুকুরিয়া, উপজেলা-বেলকুচি, জেলা-সিরাজগঞ্জ।
১২। অধ্যক্ষ, লাইটহাউস টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, ডাক-ধুকুরিয়া, উপজেলা-বেলকুচি, জেলা-সিরাজগঞ্জ।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২